# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 28 June, 2025

সংখ্যানুপাতিক (প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন) পদ্ধতিতে জাতীয় নির্বাচন আয়োজনসহ তিন দফা দাবিতে রাজধানীর ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে মহাসমাবেশ করছে ইসলামী আন্দোলন বাংলাদেশ।

শনিবার (২৮ জুন) সকাল ১০টায় কুরআন তিলাওয়াতের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে মহাসমাবেশের প্রথম অধিবেশন শুরু হয়।সারা দেশের বিভিন্ন জেলা ও মহানগর থেকে আগত নেতাকর্মীদের ঢল নামে উদ্যানে।বেলা বাড়ার সঙ্গে সঙ্গে পরিপূর্ণ হয়ে ওঠে পুরো মাঠ।

সকালের অধিবেশনে দেশের বিভিন্ন জেলা ও মহানগর শাখার নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।উপস্থিত ছিলেন ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব অধ্যক্ষ হাফেজ মাওলানা ইউনুছ আহমাদ।

দুপুর ২টায় মূল অধিবেশনের শুরু হওয়ার কথা রয়েছে।এতে সংখ্যানুপাতিক পদ্ধতির পক্ষে থাকা বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা উপস্থিত থাকবেন বলে আয়োজক সূত্রে জানা গেছে।

ইসলামী আন্দোলন বাংলাদেশের দাবি অনুযায়ী, বর্তমান একতরফা এবং প্রভাবশালী দলকেন্দ্রিক নির্বাচন পদ্ধতি পরিবর্তন করে 'পিআর পদ্ধতি' চালু করতে হবে।এর পাশাপাশি তারা দাবি জানায়–

জাতীয় নির্বাচন পদ্ধতির কাঠামোগত সংস্কার

গ্রহণযোগ্য তত্ত্বাবধায়ক বা নিরপেক্ষ নির্বাচনী ব্যবস্থা

জনগণের প্রকৃত রায় প্রতিফলনে পিআর পদ্ধতির বাস্তবায়ন

দলের পক্ষ থেকে বলা হয়েছে, এই মহাসমাবেশের মধ্য দিয়ে বর্তমান নির্বাচন পদ্ধতির 'দলীয় আধিপত্য' ভাঙতে ও প্রতিনিধিত্বমূলক ব্যবস্থার দাবি জোরদার করতে চায় তারা।

প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন সোহরাওয়ার্দী উদ্যান ইসলামী আন্দোলন বাংলাদেশ হাফেজ মাওলানা ইউনুছ আহমাদ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:36

URL: https://www.timestodaybd.com/politics/3823775807